তথ্য ও গণসংযোগ বিভাগ
INFORMATION AND PUBLIC RELATIONS DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

**প্রেস রিলিজ**

তারিখ: ১৫ জুলাই ২০২৬

## বাউবিতে বিএড, বিএমএড, এমএড ও বিএড (অনার্স) প্রোগ্রামের পাঠ্যক্রম কমিটির যৌথ সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) স্কুল অব এডুকেশন পরিচালিত বিএড, বিএমএড, এমএড ও বিএড (অনার্স) প্রোগ্রামের পাঠ্যক্রম কমিটির যৌথ সভা আজ বুধবার (১৫ জুলাই) বেলা ১১:০০টায় স্কুল অব এডুকেশনের শিক্ষক মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবির মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, স্কুল অব এডুকেশন-এর আজকের যৌথ সভা ও শিক্ষাক্রম কমিটির বৈঠকে উপস্থিত হতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। বিগত সভাগুলোর কার্যবিবরণী অনুমোদন এবং বিএড, বিএমএড ও এমএড প্রোগ্রামের রেগুলেশন পরিমার্জনের যে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে তা অত্যন্ত প্রশংসনীয়। সময়ের চাহিদাকে সামনে রেখে আমাদের পাঠ্যক্রম ও প্রাতিষ্ঠানিক কাঠামোর এই সংস্কার আমাদের সামগ্রিক শিক্ষাদানের মানকে আরও বেগবান করবে বলে আমি বিশ্বাস করি। তিনি আরও বলেন, বিএড (অনার্স) ও এমএড প্রোগ্রামের শিক্ষাক্রম কমিটি পুনর্গঠন এবং পরীক্ষক প্যানেল নবায়নের এই উদ্যোগটি অত্যন্ত সময়োপযোগী। একটি মানসম্মত শিক্ষাধারা বজায় রাখতে নিয়মিত শিক্ষাক্রমের আধুনিকায়ন এবং দক্ষ পরীক্ষক নির্বাচন করা অপরিহার্য। পরিশেষে, আমি এই কমিটির সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানাই এবং আজকের সভার সার্বিক সাফল্য কামনা করি।

স্কুল অব এডুকেশনের ডিন অধ্যাপক আমিরুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ও সংশ্লিষ্ট কমিটির সদস্য হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম। সংশ্লিষ্ট কমিটির সদস্যবৃন্দ প্রোগ্রামগুলোর পাঠ্যক্রম উন্নয়ন, আধুনিকায়ন এবং গুণগত শিক্ষা নিশ্চিতকরণে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেন এবং দিক নির্দেশনা তুলে ধরেন। সভায় সকলের সুচিন্তিত মতামতের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কমিটির সভাপতি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেন।

সভায় অন্যান্যের মধ্যে দূরশিক্ষণ বিশেষজ্ঞ হিসেবে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম, বহি:সদস্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আলী জিন্নাহ, বহি:সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইইআর এর অধ্যাপক ড. এস এম হাফিজুর রহমান, অধ্যাপক ড. মোহাম্মদ মনিনুর রশিদ ও অধ্যাপক শাহ শামীম আহমেদ অনলাইনে যুক্ত থেকে সভায় অংশগ্রহণ করেন। এছাড়াও বহি:সদস্য ইসলামিক এরাবিক ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ শহীদুল ইসলাম-সহ বাউবি' র অভ্যন্তরীণ সদস্যবৃন্দ, দূরশিক্ষণ বিশেষজ্ঞবৃন্দ ও প্রচার মাধ্যম বিশেষজ্ঞবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক
যুগ্ম-পরিচালক
মোবাইলঃ ০১৭১৪৫০৫৭৪৭